যুগান্তর

তারিখ 24 DEC 2015
পৃষ্ঠা ২৮ কলাম ৩

# কালিয়াকৈরে শিক্ষার্থীদের সড়ক অবরোধ

কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি

গাজীপুরের কালিয়াকৈর উপজেলার মৌচাক স্কাউট উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীরা ফরম পূরণে অতিরিক্ত টাকা ফেরতের দাবিতে বুধবার সকালে বিক্ষোভ মিছিল, মহাসড়ক অবরোধ করে ঘটিয়েছে ঘটনা। এতে সড়কের ওই স্থানের দুই পাশে ৪ কিলোমিটার দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। শিক্ষার্থী ও পুলিশ সূত্রে জানা যায়, শিক্ষাবোর্ডের নির্ধারিত ফি-এর চাইতে এবারের এসএসসির ফরম পূরণে কালিয়াকৈরের মৌচাক স্কাউট উচ্চ বিদ্যালয়ে শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত টাকা আদায় করেছে। ফরম পূরণে বোর্ড কর্তৃক ১৪২১ টাকা নির্ধারণ করে দিলেও মৌচাকা স্কাউট উচ্চ বিদ্যালয়ে শিক্ষার্থীদের কাছ থেকে নেয়া হয়েছে ৯ হাজার টাকার ওপরে। এরই মধ্যে শিক্ষা মন্ত্রণালয় থেকে ফরম ফিলাপে নেয়া অতিরিক্ত টাকা ফেরতের নির্দেশ দেয়া হয়। কিন্তু ওই স্কুল কর্তৃপক্ষ অতিরিক্ত টাকা ফেরত দিতে টালবাহানা করেন। বুধবার বেলা সাড়ে ১০টার দিকে বিদ্যালয়ের শতাধিক শিক্ষার্থী ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে অবরোধ করে বিক্ষোভ মিছিল শুরু করে। এতে সড়কের ওই স্থানের দুই পাশে ৪ কিলোমিটার যানজটের সৃষ্টি হয়। খবর পেয়ে কোনাবাড়ী হাইওয়ে থানা পুলিশ ও মৌচাক ফাঁড়ি পুলিশ ঘটনাস্থলে গিয়ে শিক্ষার্থীদের বুঝিয়ে বেলা সাড়ে ১১টার দিকে সড়ক থেকে সরিয়ে দিলে সড়কে যানচলাচল শুরু হয়। পরে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা স্কুল মাঠে ফিরে এসে বিক্ষোভ করতে থাকে। পরে বিষয়টি নিয়ে শুক্রবার বসার দিন ঠিক করার ঘোষণা দিলে শিক্ষার্থীরা বাড়ি চলে যায়।